তারিখ ... 23/7/83 ...
পৃষ্ঠা ... ১ কলাম ...

দৈনিক বাংলা

062

# দ্বিমুখী সিলেবাস শীঘ্রই স্কুলে যাবে: মজিদ

এতদসংক্রান্ত সরকারী সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয় প্রায় পক্ষকাল (৬ই জুলাই) আগে ঘোষিত হলেও দ্বিমুখী সিলেবাস চালুর ব্যাপারে মাধ্যমিক স্কুলসমূহে এখনও কোন সরকারী নির্দেশ পৌঁছেনি।

এনার খবরে বলা হয়, রাজধানীর প্রায় ২ ডজন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করা হলে তাঁরা বলেন, দ্বিমুখী পাঠ্যসূচী সম্পর্কিত কোন সরকারী নির্দেশ এখনও তাঁদের নিকট পৌঁছেনি। ফলে তাঁরা নৈর্বাচনিক বিষয়ে পড়াতে সমস্যার সম্মুখীন হচ্ছেন। এদিকে শিক্ষা বর্ষের ৬ মাসকালও ইতিমধ্যে অতিক্রান্ত হয়ে গেছে।

এ ব্যাপারে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, তাঁরা গত মঙ্গলবার সার্কুলার পেয়েছেন। বোর্ডের অধীনস্থ স্কুলসমূহে শিগগিরই

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## মজিদ

(১ম পৃঃ পর)

সার্কুলারটি পাঠানো হবে। তবে কুমিল্লা এবং যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড দুটোর চেয়ারম্যানদ্বয় জানিয়েছেন যে, বৃহস্পতিবার দুপুর পর্যন্তও তাঁরা কোন সার্কুলার পাননি।

শিক্ষা মন্ত্রী ডঃ আবদুল মজিদ খান গতকাল এনাকে বলেন, স্কুলের প্রয়োজনীয় নির্দেশ পৌঁছানোর ব্যবস্থা ত্বরান্বিত করা হবে। তিনি বলেন, পাঠক্রম উন্নয়ন কমিটি ইতিমধ্যেই নৈর্বাচনিক বিষয়সমূহের 'পাঠ্য বই সমূহ মনোনীত' করেছেন এবং সে সব স্বল্পকালের মধ্যেই বিভিন্ন স্কুলে পাঠানো হবে।